

‘বাংলায় অনুদিত’

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ১৬

তারিখঃ ডিসেম্বর ১৮, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

### রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) প্রসংগে।

কতিপয় রপ্তানিমুখী উৎপাদনকারী প্রতিষ্ঠান যেমন বিটিএমএ এর সদস্য মিল, বিজিএপিএমইএ এবং বিপিজিএমইএ এর সদস্য এক্সেসরিজ/প্যাকেজিং উপকরণ উৎপাদনকারী-রপ্তানিকারক প্রয়োজনীয় উৎপাদন উপকরণাদি বান্ধ আকারে আমদানি করতে পারে; এক্ষেত্রে সুনির্দিষ্ট রপ্তানি আদেশ হাতে থাকার প্রয়োজন হয় না। ফিনিশড লেদার/লেদারগুডস/সিরামিকওয়্যার উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠানের উপকরণাদি আমদানির চাহিদা প্রায়ই বৃহৎ আকারে না হওয়ায় তা বিদেশী সরবরাহকারীর নিকট গ্রহণযোগ্য হয় না। এ প্রেক্ষাপট বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) ও বাংলাদেশ সিরামিক ওয়্যার ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিসিডব্লিউএমএ) এর সদস্য উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠান তাদের পূর্ববর্তী বছরের রপ্তানি কার্যক্রম বিবেচনায় নির্ণীত চাহিদা মোতাবেক বান্ধ আকারে প্রয়োজনীয় উৎপাদন উপকরণাদি আমদানির লক্ষ্যে ইডিএফ হতে ঋণ গ্রহণ করতে পারবে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এবং তদ্পরবর্তী জারিকৃত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৪